

# মহান বিজয় দিবস ২০১৬



জেলা প্রশাসন, সিলেট

## মহান বিজয় দিবস ২০১৬ এর কর্মসূচি

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান
১৬.১২.১৬ রাত ১২.০১ মিনিট	পুষ্পস্তবক অর্পণ	সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার
১৬.১২.১৬ সূর্যোদয়ের সাথে সাথে	৩১ বার তোপধ্বনি	জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ
১৬.১২.১৬ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারি, আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান ও ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি/বেসরকারি ভবন
১৬.১২.১৬ সকাল ৯.০০ ঘটিকা	কমিশনার, সিলেট বিভাগ, সিলেট কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, র‍্যাব, বিএনসিসি, আনসার-ভিডিপি, কারাবন্দী, স্কাউটস, গার্লস গাইড এবং শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান কর্তৃক কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন	সিলেট জেলা স্টেডিয়াম
১৬.১২.১৬ সকাল ১১.০০ ঘটিকা	বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যগণের সংবর্ধনা	কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবীবাজার, সিলেট
১৬.১২.১৬ বাদ জুমআ/সুবিধামত সময়ে	জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে মোনাজাত/ প্রার্থনা	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও বিভিন্ন উপসনালয়
১৬.১২.১৬ বেলা ১২.০০ ঘটিকা	মহিলাদের ক্রীড়া অনুষ্ঠান	অগ্রগামী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট
১৬.১২.১৬ দুপুরে/ সুবিধাজনক সময়ে	উন্নতমানের খাবার পরিবেশন	হাসপাতাল, কেন্দ্রীয় কারাগার, শিশু সদন, শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহ
১৬.১২.১৬ বিকাল ০৩.৩০ মিনিট	প্রীতি ফুটবল ম্যাচ : জেলাপ্রশাসন বনাম জেলা ক্রীড়া সংস্থা	জেলা স্টেডিয়াম, সিলেট
১৬.১২.১৬ সন্ধ্যা ০৬.০০ ঘটিকা	সুখী, সমৃদ্ধ বাংলাদেশ গঠনের লক্ষ্যে 'ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার ও মুক্তিযুদ্ধ' শীর্ষক আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান	কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবীবাজার, সিলেট
১৬.১২.১৬ সুবিধামত সময়ে	জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকেটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলার সর্বত্র উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী	জেলার সকল সিনেমা হল, জেলা এবং উপজেলা সদর অথবা উপযুক্ত যে কোনো স্থানে
১৬.১২.১৬	সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ	জেলার দৈনিক, সাপ্তাহিক ও অনলাইন পত্রিকাসমূহ
১৬.১২.১৬ সকাল-সন্ধ্যা	শিশু কিশোরদের চিত্রবিনোদনের জন্য বিনা টিকেটে সকল শিশুপার্ক ও ওসমানী জাদুঘর সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা	ওসমানী শিশু উদ্যান, এক্সেলসিয়র, ড্রিমল্যান্ড পার্ক, অ্যাডভেঞ্চার ওয়ার্ল্ড, ওসমানী জাদুঘর
১৭.১২.১৬ সকাল ১১.০০ ঘটিকা	শ্যুটিং প্রতিযোগিতা	সিলেট রাইফেলস ক্লাব প্রাঙ্গণ
১৭.১২.১৬ বিকাল ৪.০০ ঘটিকা	শিশুদের মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাংকন ও জাতীয় সংগীত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ	শিশু একাডেমি, সিলেট
১৮.১২.১৬ সন্ধ্যা ৬.০০ ঘটিকা	প্রীতি টেনিস প্রতিযোগিতা	টেনিস ক্লাব, সিলেট



সম্মানিত সুধী,

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বলিষ্ঠ নেতৃত্বে লাঞ্ছিত শহীদের আত্মত্যাগের বিনিময়ে ১৬ ডিসেম্বর ১৯৭১ এ অর্জিত হয় কাঙ্ক্ষিত বিজয়।

দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জেলা প্রশাসন, সিলেট কর্তৃক ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ, বিভাগীয় কমিশনার, সিলেট প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১৬ ডিসেম্বর সকাল ৯ ঘটিকায় সিলেট জেলা স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন ও কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন।


মহান বিজয় দিবসের সকল কর্মসূচিতে আপনি সাদরে আমন্ত্রিত।

মোঃ জয়নাল আবেদীন  
জেলা প্রশাসক (যুগ্ম সচিব)  
সিলেট।

## বাংলাদেশের জাতীয় পতাকা

### পতাকার রং ও বৈশিষ্ট্য

বাংলাদেশের জাতীয় পতাকার রং উজ্জ্বল ঘন সবুজের মাঝখানে রক্তবর্ণের ভরাট বৃত্ত। পতাকার সবুজ অংশ তাকপোয় উদ্দীপনা এবং গ্রাম বাংলার বিস্তৃত সবুজ প্রাকৃতিক পরিবেশের প্রতীক। পতাকার রক্তবর্ণের ভরাট বৃত্তটি স্বাধীনতার নতুন সূর্যের প্রতীক।



### পতাকার মাপ

১. জাতীয় পতাকা হবে আয়তাকার।
২. পতাকার দৈর্ঘ্য প্রস্থের অনুপাত ১০ : ৬।
৩. পতাকার মাঝের লাল বৃত্তটি হবে দৈর্ঘ্যের পাঁচ ভাগের একভাগ ব্যাসার্ধ বিশিষ্ট।
৪. পতাকার দৈর্ঘ্যকে সমান ১০ ভাগ করে প্রত্যেক ভাগকে ১ ইউনিট ধরতে হবে।
৪. পতাকার দৈর্ঘ্যের ডানদিকে সাড়ে পাঁচ ইউনিট এবং বাম দিকে সাড়ে চার ইউনিট রেখে একটি লম্ব টানতে হবে এবং প্রস্থকে সমান দুই ভাগে ভাগ করে একটি সমান্তরাল সরলরেখা টানতে হবে। এ দুটি রেখা পরস্পর যেখানে মিলিত হবে সে বিন্দুই হবে বৃত্তের কেন্দ্রবিন্দু।

### পতাকার আকার

সরকারি ও বেসরকারি ভবনের জন্য জাতীয় পতাকার আকার

১. দৈর্ঘ্য ৩০৫ সেঃ মিঃ প্রস্থ ১৮৩ সেঃ মিঃ
২. দৈর্ঘ্য ১৫২ সেঃ মিঃ প্রস্থ ৯১ সেঃ মিঃ
৩. দৈর্ঘ্য ৭৬ সেঃ মিঃ প্রস্থ ৪৬ সেঃ মিঃ

যানবাহনের জন্য জাতীয় পতাকার আকার

১. দৈর্ঘ্য ৩৮ সেঃ মিঃ প্রস্থ ২৩ সেঃ মিঃ
২. দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ

টেবিলে জাতীয় পতাকার আকার (আন্তর্জাতিক ও দ্বি-পাক্ষিক বৈঠকে ব্যবহার্য)

১. দৈর্ঘ্য ২৫ সেঃ মিঃ প্রস্থ ১৫ সেঃ মিঃ

মুদ্রণ : গ্রাফিক্স ইউনিভার্সেল রাজা ম্যানশন, জিলাবাজার, সিলেট। ০১৭১৪ ৫২৮ ৩৩৫